দৈনিক ইত্তেফাক

তারিখ JUL 2 1999
পৃষ্ঠা ৩ কলাম ৪

১০

## ইসলামী বিশ্ববিদ্যালয়ে গাড়ী ভাংচুর

ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥ গত সোমবার ইসলামী বিশ্ববিদ্যালয়ে বিক্ষুব্ধ ছাত্ররা পরিবহন শাখার অনিয়ম, বিশৃংখলা বন্ধ এবং ঝুঁকিপূর্ণ যানবাহনসমূহ বাতিল করিয়া উন্নতমানের গাড়ী সরবরাহের দাবীতে বিশ্ববিদ্যালয়ের যানবাহন অবরোধ করে। অবরোধ চলাকালে উত্তেজিত ( ৫ম পৃঃ দ্রষ্টব্য )

## ইসলামী বিশ্ববিদ্যালয়ে

( ৩য় পৃঃ পর )

ছাত্ররা বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ২টি এবং ১টি ভাড়া করা বাস ভাংচুর করে। ছাত্ররা অভিযোগ করে, দীর্ঘদিন যাবৎ বিশ্ববিদ্যালয়ের পরিবহন শাখার কতিপয় অসাধু কর্মকর্তা-কর্মচারী এবং ভাড়াগাড়ী সরবরাহকারীরা কর্তৃপক্ষের যোগসাজশে দুর্নীতি ও অনিয়ম করিতেছে। টেণ্ডারে উল্লেখিত নিয়ম-নীতির তোয়াক্কা না করিয়া ঝুঁকিপূর্ণ লক্কর-ঝক্কর মার্কা গাড়ী চালানো হইতেছে। ইহাতে ছাত্র-ছাত্রীদেরকে জীবনের ঝুঁকি নিয়া বিশ্ববিদ্যালয়ে যাতায়াত করিতে হইতেছে। বারবার প্রশাসনের নিকট প্রতিকার চাহিয়াও কোন ফল হইতেছে না বলিয়া ছাত্ররা অভিযোগ করে।